

💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩০৭১

১৪/ কর, খাজনা, অনুদান ও প্রশাসনিক দায়িত্ব সম্পর্কে (کتاب الخراج والإمارة والفيء) পরিচ্ছেদঃ ১৭৬. খারাজী যমীন ক্রয় করা সম্পর্কে।

باب مَا جَاءَ فِي الدُّخُولِ فِي أَرْضِ الْخَرَاج

আরবী

حَدَّثَنَا حَيْوَةُ بْنُ شُرَيْحٍ الْحَضْرَمِيُّ، حَدَّثَنَا بَقِيَّةُ، حَدَّثَنِي عُمَارَةُ بْنُ أَبِي الشَّعْثَاءِ، حَدَّثَنِي سِنَانُ بْنُ قَيْسٍ، حَدَّثَنِي شَبِيبُ بْنُ نُعَيْمٍ، حَدَّثَنِي يَزِيدُ بْنُ خُمَيْرٍ، حَدَّثَنِي أَبُو الدَّرْدَاءِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنْ أَخَذَ أَرْضًا بِجِزْيَتِهَا فَقَدِ اسْتَقَالَ هِجْرَتَهُ وَمَنْ نَزَعَ صَغَارَ كَافِرٍ مِنْ عُنُقِهِ فَجَعَلَهُ فِي عُنُقِهِ فَقَدْ وَلَّى الإسْلاَمَ ظَهْرَهُ " . قَالَ فَسَمِعَ مِنِي خَالِدُ بْنُ مَعْدَانَ هَذَا الْحَديثَ فَقَالَ لِي أَشْبِيبٌ حَدَّتَكَ قُلْتُ نَعَمْ . قَالَ فَإِذَا قَدِمْتَ مَنِي خَالِدُ بْنُ مَعْدَانَ هَذَا الْحَديث . قَالَ فَكَتَبَهُ لَهُ فَلَمَّا قَدِمْتُ سَأَلْنِي خَالِدُ بْنُ مَعْدَانَ فَلَقَرْطَاسَ فَأَعْطَيْتُهُ فَلَمَّا قَرَأَهُ تَرَكَ مَا فِي يَدَيْهِ مِنَ الأَرْضِينَ حِينَ سَمِعَ ذَلِكَ . قَالَ أَبُو دَاوُدَ هَذَا يَزِيدُ بْنُ خُمَيْرِ الْيَزَنِيُّ لَيْسَ هُوَ صَاحِبَ شُعْبَةَ .

বাংলা

৩০৭১. হায়ওয়া ইবন শুরায়হ হাযরামী (রহঃ) আবূ দারদা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি জিযিয়া কর দেওয়ার শর্তে কোন যমীন ক্রয় করলো, সে যেন নিজের হিজরতের শর্ত ভংগ করলো। আর যে ব্যক্তি কাফিরের অমর্যাদা তার গর্দান হতে টেনে নিজের গর্দানে পরাল, সে যেন ইসলাম হতে তার পিঠ ফিরিয়ে নিল।

রাবী বলেনঃ খালিদ ইবন মা'দান (রহঃ) আমার নিকট হতে এ হাদীছ শ্রবণ করে আমাকে জিজ্ঞাসা করেনঃ শুবায়ব কি তোমার নিকট উক্ত হাদীছ বর্ণনা করেছেন? তখন আমি বলিঃ হ্যাঁ। এরপর তিনি বলেনঃ তুমি যখন তাঁর কাছে যাবে, তখন তাঁকে বলবে, তিনি যেন উক্ত হাদীছ লিখে আমার কাছে পাঠিয়ে দেন।

রাবী বলেনঃ অতঃপর শুবায়ব উক্ত হাদীছ খালিদের জন্য লিখে দেন। পরে আমি ফিরে আসলে খালিদ ইবন মা'দান (রহঃ) ঐ কাগজটি আমার নিকট চান। তখন সেটি আমি তাকে প্রদান করি। যখন তিনি তা পাঠ করেন, তখন তিনি তাঁর কাছে যত খারাযী যমীন ছিল, তার সবই ছেড়ে দেন।



আবু দাউদ (রহঃ) বলেনঃ ইনি ছিলেন ইয়াযীদ ইবন খুমায়র ইয়াযান্নী, তিনি নন, যিনি শোবার ছাত্র ছিলেন।

English

Narrated AbudDarda':

The Prophet (said: If anyone takes land by (paying) its jizyah, he renounces his immigration; and if anyone takes off the disgrace of an unbeliever from his neck he turns away his back from Islam. He (the narrator) said: Thereafter Khalid ibn Ma'dan heard this tradition from me, and he said: Has Shubayb narrated it to you? I said: Yes. He said! When you come to him, ask him to write this tradition to me. He said: He then wrote it for him. When I came, Khalid ibn Ma'dan asked me for the paper and I gave it to him. When he read (the paper), he abandoned the lands he had in his possession the moment he heard this.

Abu Dawud said: This Yazid b. Khumair al-Yazani is not the disciple of Shu'bah.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবুদ দারদা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন